দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 7 FEB 2017 ...
পৃঃ ৬ ... কলাম ... ৬ ......

# বিএসএমএমইউর ২৩২ শিক্ষার্থীকে গবেষণা মঞ্জুরি প্রদান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অফিসের উদ্যোগে মেডিক্যাল শিক্ষা বিষয়ক উচ্চতর গবেষণার জন্য ২৩২ জন ছাত্রছাত্রীকে গবেষণা মঞ্জুরি প্রদান করা হয়। এর মধ্যে মেডিসিন অনুষদের ১১০ জন, সার্জারি অনুষদের ৭৭ জন, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ৩৭ জন এবং ডেন্টাল অনুষদের ৮ জন শিক্ষার্থী রয়েছে। প্রত্যেক শিক্ষার্থীকে গবেষণার প্রকারভেদে ২৫ থেকে ৪০ হাজার টাকা পর্যন্ত গবেষণার জন্য বরাদ্দ দেয়া হয়। সোমবার বেলা ১১টায় এ ব্লকের অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের মাঝে গবেষণা মঞ্জুরি প্রদান করেন বিএসএমএমইউর উপাচার্য অধ্যাপক ডাঃ কামরুল হাসান খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডাঃ এএসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল।

অধ্যাপক ডাঃ মোঃ শহীদুল্লাহ সিকদার বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে নিজস্ব অর্থায়নে উন্নয়নসহ সামগ্রিক উন্নয়নে এগিয়ে যাওয়া বাংলাদেশে গবেষণায়, বিশেষ করে মেডিক্যাল বা চিকিৎসাবিষয়ক গবেষণায়ও বাংলাদেশ এগিয়ে যাবে। -বিজ্ঞপ্তি